মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের উদ্ভাবনী আইডিয়া

**সেবার নাম :** শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন সংশোধন।

**সেবা গ্রহীতা :** শিক্ষার্থী, পিতা-মাতা ও অভিভাবক।

**উদ্ভাবনের শিরোনাম :** অনলাইনে শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন কার্ড সংশোধন।

# চিহ্নিত সেবাটি প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান সমস্যার বিবরণ

**সমস্যা, সমস্যার কারণ ও এর প্রভাব ব্যাখ্যা :** রেজিস্ট্রেশনে ভুল থাকলে পরবর্তী সকল মূল সনদে ভুল থেকে যায়। বিদ্যমান পদ্ধতিতে শিক্ষার্থীর তথ্য (নাম, বয়স) সংশোধনীর পুরো প্রক্রিয়া সম্পন্ন করতে, সংশ্লিষ্ট কাগজপত্র সংগ্রহ করতে কয়েকবার শিক্ষা বোর্ডে এবং শিক্ষা প্রতিষ্ঠানে সেবা গ্রহীতাকে যেতে হয়। ফলে সময়ের অপচয় হয়, আর্থিক ক্ষতি হয় ও হয়রানি বাড়ে। তাই শিক্ষার্থী রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করা জরুরি।

# বিদ্যমান সমস্যা, কারণ ও ভোগান্তি।

| চিহ্নিত সেবার ক্ষেত্রে নতুন আইডিয়া গ্রহণের মূল কারণ | সমস্যা | সেবা গ্রহীতার ভোগান্তি |
|---|---|---|
| আবেদন ফরম প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সময়মত অগ্রায়ন না করা। | প্রতিষ্ঠান প্রধানকে সময়মত না পাওয়া, ইচ্ছাকৃত ভাবে সময় ক্ষেপন করা। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বার বার ধরণা দিতে হয়, এতে সময়ের অপচয় হয়। |
| সংশ্লিষ্ট কাগজপত্র/ফরম যথা সময়ে সংগ্রহ করতে না পারা। | অনেক সময় উদ্বেগ, উৎকন্ঠা, অসন্তুষ্টির জন্ম নেয়। | সেবাগ্রহীতা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। হতাশা, হয়রানির শিকার হয়, ফলে সময় মত প্রত্যাশিত ফলাফল পায় না। |
| কোন একটি তথ্যের ঘাটতি থাকলে পুরো প্রক্রিয়া পুনরায় সম্পন্ন করতে হয়। | | |

# উদ্ভাবনের পূর্বের অবস্থা (বর্তমানে সেবাটি যেভাবে প্রদান করা হয়)

আবেদন ফরম সংগ্রহ।

↓

সংগৃহীত আবেদন ফরম যথাযথভাবে পূরণ।

↓

পূরণকৃত ফরমটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ অগ্রায়ণ।

↓

ফরমে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্তকরণ।

↓

বোর্ড নির্ধারিত ফি ব্যাংকে জমা দান (ডিডি/পে-অর্ডার/সোনালী সেবা)।

↓

পূরণকৃত ফরমটি সংশ্লিষ্ট শাখায় জমাদান।

↓

আবেদন নথিতে উপস্থাপন।

↓

নথি অনুমোদন।

↓

সংশ্লিষ্ট শাখা প্রধান/বোর্ড কর্তৃক অনুমোদন।

↓


চূড়ান্তভাবে সংশোধনের জন্য কম্পিউটার কেন্দ্রে প্রেরণ।

↓

সংশোধিত কপি সেবা গ্রহীতাকে বিতরণ।

# উদ্ভাবনের পরবর্তী অবস্থা

**নতুন প্রসেস ম্যাপ:**



## সেবাটি সহজিকরণের পূর্বের ও পরের টিসিভি এনালাইসিস ঃ

| | সহজিকরণের পূর্বের পদ্ধতি | সহজিকরণের পরের পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১৫ দিন | সময়(T) : ১-২দিন |
| খরচ | ২০০০/- | ৫০০/- |
| যাতায়াত | ৬বার | ১বার |
| ধাপ | ১১ | ৭ |
| জনবল | ১৫জন | ৬জন |
| দাখিলীয় কাগাজপত্র | সংশ্লিষ্ট কাগজপত্রের হার্ডকপি প্রয়োজন হয়। | হার্ডকপির প্রয়োজন নাই। |

**উদ্যোগটির মধ্যে নতুনত্ব :** সেবাগ্রহীতা বাসায় বসে রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের সমস্ত প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে পারবেন।

**উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য যে সমস্ত উপকরণ দরকার :**

সকল উপকরণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বর্তমান রয়েছে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা বোর্ডের বিদ্যমান ব্যবস্থাপনায় উদ্যোগটি বাস্তবায়ন করা সম্ভব।

**সুফল :**

শিক্ষার্থী ভোগান্তি ছাড়াই নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগজপত্র অনলাইনে শিক্ষাবোর্ডে জমা দিয়ে সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড পাবে। পরবর্তীতে অন্যান্য ডকুমেন্ট যেমন- একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূলসনদে ভুল থাকবে না। কোন বাড়তি চ্যালেঞ্জের সমমুখীন হতে হবে না।

# ধন্যবাদ